



দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ  
গাজীপুর-১৭০৩।

Website: [www.spcbl.org.bd](http://www.spcbl.org.bd).

বিবিধ মালামাল সরবরাহের লক্ষ্যে স্থানীয় সরবরাহকারী  
প্রতিষ্ঠান তালিকাভুক্তির জন্য বিজ্ঞপ্তি।

২০১৭-২০১৮ ও ২০১৮-২০১৯ অর্থ বৎসরে ২(দুই) বৎসর মেয়াদে বিভিন্ন মালামাল স্থানীয়ভাবে সরবরাহ পাওয়ার লক্ষ্যে আগ্রহী স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে তালিকাভুক্তির আবেদন পত্র আহবান করা যাচ্ছে। আবেদন ফরমসহ শর্তাবলী সম্বলিত সিডিউল আগামী ১৬/০৫/২০১৭ তারিখ হতে ৩১/০৫/২০১৭ তারিখ পর্যন্ত করপোরেশনের গাজীপুরস্থ কার্যালয়ের অর্থ ও হিসাব বিভাগ এবং ঢাকাস্থ করপোরেশনের লিয়াজেঁ অফিস বাংলাদেশ ব্যাংকের সংলগ্নী ভবন-১, ৭ম তলা হতে রবিবার থেকে বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত সকল অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে আবেদন পত্রের বিপরীতে ১০০/- (একশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে। অপরদিকে করপোরেশনের ওয়েব সাইট থেকে আবেদনপত্র সিডিউল ডাউনলোড করেও আবেদন করা যাবে; এক্ষেত্রে ঢাকাস্থ লিয়াজেঁ অফিস বা গাজীপুর করপোরেশনের ক্যাশ কাউন্টারে সিডিউল ক্রয় বাবদ ১০০/- (একশত) টাকা জমা দেয়ার রশিদ সংগ্রহ করতঃ বা ১০০/- টাকার চেক/পে-অর্ডার/ডিডি (নগদায়ন হওয়া সাপেক্ষে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে) আবেদনপত্র দাখিলের সময় তা সংযুক্ত করে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে নিরাপত্তা জামানত বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) ডি/ডি/পে-অর্ডার আকারে দাখিল করতে হবে। নিরাপত্তা জামানত ও আবেদনপত্র সিডিউল ক্রয়ের রশিদ/চেক/পে-অর্ডার/ডিডি ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, বিদ্যমান তালিকাভুক্তি প্রতিষ্ঠানকে পুনরায় তালিকাভুক্তির আবেদন করতে হবে না।

ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ বরাবরে গাজীপুরস্থ অফিসে অথবা ঢাকাস্থ উপরোল্লিখিত লিয়াজেঁ অফিসে সীলমোহরকৃত আবেদনপত্র ০৭/০৬/২০১৭ তারিখ বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত সরাসরি নির্ধারিত বাক্সে দাখিল করা যাবে এবং পাশাপাশি ডাকযোগে কিংবা কুরিয়ার মারফতও নির্ধারিত সময়ের মধ্যে গাজীপুরস্থ কার্যালয়ে পৌঁছানো যাবে। তবে নির্ধারিত সময়ের পরে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না। ০৮/০৬/২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় আবেদনকারীদের সামনে (যদি কেহ উপস্থিত থাকে) প্রাপ্ত সকল আবেদনপত্র গাজীপুরস্থ কার্যালয়ে খোলা হবে। একটি সিডিউলের বিপরীতে কেবলমাত্র ০১ (এক)টি প্রতিষ্ঠান একটি আবেদনপত্র দাখিল করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(রশিদ আহমেদ)  
মহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয় বিক্রয়)